



## ALL INDIA RADIO, SILCHAR

\*\*\*\*\*

### MORNING NEWS BULLETIN

BENGALI/ বাংলা

16 APRIL 2024

7:35-7:40 AM IST

লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে আসামে বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযান তুঙ্গে উঠেছে। রাজনৈতিক দলগুলির শীর্ষ নেতৃবৃন্দ এবং তারকা প্রচারকরা বিভিন্ন স্থানে জনসমাবেশ, মোটর সাইকেল র্যালি, রোড শো -তে অংশগ্রহণ করে প্রচার করছেন। এছাড়া বিভিন্ন অঞ্চলে গিয়ে ভোটদাতাদের সঙ্গে মত বিনিময় করে প্রার্থীরা নিজেদের প্রতি ভোটারদের আকর্ষিত করার প্রয়াস অব্যাহত রেখেছেন।

ভারতীয় জনতা পার্টির প্রবীণ নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্বাচনী প্রচারে অংশ নিতে আজ সন্ধ্যায় গৌহাটি আসছেন। প্রধানমন্ত্রী শ্রী মোদীর কার্যসূচীর প্রতি লক্ষ্য রেখে গৌহাটি মহানগরে নিরাপত্তা ব্যবস্থা কঠোর করে তুলে রাখা হয়েছে। প্রধানমন্ত্রী আগামীকাল বড়পেটা এবং দরং-উদালগুড়ি লোকসভা আসনের দলীয় দুই প্রার্থীর হয়ে জনসভায় অংশ নেবেন।

এদিকে বিজেপি'র জাতীয় সভাপতি জে পি নাড্ডার আগামী বৃহস্পতিবার কোকরাঝাড়ে বিজেপি মিত্রজোটের ইউ পি পি এল প্রার্থী জয়ন্ত বসুমাতারীর হয়ে নির্বাচনী প্রচারে যোগ দেবেন।

অন্যদিকে কংগ্রেস নেত্রী প্রিয়াঙ্কা গান্ধী আজ যোরহাটে প্রার্থী গৌরব গগৈর হয়ে টিটাভর থেকে যোরহাট পর্যন্ত পদযাত্রায় অংশগ্রহণ করবেন। কংগ্রেস নেতা রাহুল গান্ধীও যোরহাট ও ডিব্রুগড়ে দলীয় প্রার্থীদের হয়ে প্রচারে অংশ নেবেন।

এদিকে ডিব্রুগড় লোকসভা আসনের প্রার্থী সর্বানন্দ সনোয়াল গতকাল মাকুমে বেশকয়েকটি নির্বাচনী জনসভায় আংশ নেন। বিজেপি নেতা ও রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গতকাল কাজিরাঙ্গা লোকসভা আসনে বিজেপি মিত্রজোটের প্রার্থী কামাখ্যা প্রসাদ তাসার হয়ে নির্বাচনী প্রচার করেছেন।

শিলচর লোকসভা আসনে এস ইউ সি আই কমিউনিস্ট দলের প্রার্থী প্রভাস চন্দ্র সরকারের সমর্থনে গতকাল কাছাড় জেলার ভাগা বাজার, সোনাবাড়িঘাট, উত্তর কৃষ্ণপুর সহ সোনাবাড়িঘাট বাজারে নির্বাচনী জনসভার আয়োজন করা হয়।

মিজোরামে আসন্ন লোকসভা নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য মিজোরাম পুলিশ ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে। মিজোরামের পুলিশ সঞ্চালক প্রধান অনিল শুক্লা গতকাল আইজলে সংবাদ মাধ্যমের সংগে কথা বলতে গিয়ে জানান যে রাজ্যে লোকসভা নির্বাচনের জন্য মিজোরাম পুলিশ সম্পূর্ণ প্রস্তুত রয়েছে। ডিজিপি শ্রী শুক্লা জানিয়েছেন যে মিজোরাম পুলিশ নির্বাচন কমিশনের জারি করা নির্বাচনী আদর্শ আচরনবিধি লংঘন সংক্রান্ত বিষয়েও দিনরাত্র পর্যবেক্ষন রাখছে। ১৯ টি অতি স্পর্শকাতর ভোট কেন্দ্রের জন্য ব্যাপকভাবে নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য মিজোরামে আগামী ১৯ শে এপ্রিল অনুষ্ঠিত প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনে প্রায় ৮ লক্ষ ভোটদাতা তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

করিমগঞ্জ লোকসভা কেন্দ্রের অধীন হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা কেন্দ্রে অবাধ , নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে নির্বাচন সম্পন্ন করতে ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষক প্রদীপ কুমার বিশ্বাস গতকাল হাইলাকান্দি আর্বত ভবনের সভাকক্ষে জেলার অতিরিক্ত জেলা আয়ুক্ত এল খিৎতে , জেলার চার রাজস্ব চক্র আধিকারিক সহ বিভিন্ন সেলের সংগে এক বৈঠকে মিলিত হয়েছেন । এরপর শ্রী বিশ্বাস জেলার বিভিন্ন স্থানে স্ট্যাটিক নজরদারি টিম ( এস এস টি ) এবং ফ্লাইং স্কোয়াড টিম ( এফ এস টি ) দলের কাজকর্ম সরেজমিনে পর্যবেক্ষন করেন । বৈঠকে তিনি জেলার বিভিন্ন স্থানে স্টেটিক সার্ভিলেন্স টিম ও স্থির নজরদারি দলের কার্যক্রম সম্পর্কে চক্র আধিকারিকের কাছ থেকে অবহিত হন । বৈঠকে ব্যয় সংক্রান্ত সেলের সদস্যদের কাছ থেকে তাদের কাজকর্ম সম্পর্কে অবহিত হোয়ার পর বিভিন্ন রাজনৈতিক দলের সভা সমিতি র্যালি রোড শো ভ্যানার ইত্যাদির ব্যয় সংক্রান্ত কার্যাবলীর ওপর কড়া নজরদারি রাখতে শ্রী বিশ্বাস সেল সদস্যদের নির্দেশ দেন ।

---

শিলচর লোকসভা কেন্দ্রের পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণের জন্য পোস্টাল ব্যালট ফেসিলিটেশন সেন্টারের কাজ আজ থেকে শুরু হবে এবং আগামী ১৮ ই এপ্রিল পর্যন্ত চলবে । শিলচর বংগভবনের নিকটে সদর কার্যালয়ে এই সেন্টার খোলা হয়েছে । শুধুমাত্র ভোটার ও নির্বাচনী কাজে জড়িতদের জন্যই এই সেন্টার আগামী তিনদিন ধরে চলবে ।

---

করিমগঞ্জ জেলার চলতি বছরের হজ যাত্রীদের এক দিবসীয় প্রশিক্ষন কর্মশালা আগামীকাল ও আগামী ১৮ ই এপ্রিল জেলার চারটি স্থানে অনুষ্ঠিত হবে । আসাম রাজ্য হজ কমিটির কার্যবাহী আধিকারিক জানিয়েছেন যে আগামীকাল করিমগঞ্জের কানিশাইল মর্কজ ও বদরপুরে দেওরাইল টাইটেল মাদ্রাসায় এক দিবসীয় প্রশিক্ষন কর্মশালা অনুষ্ঠিত হবে । একইভাবে ১৮ ই এপ্রিল পাথারকান্দিতে কাবাড়িবন্দ মাদ্রাসা এবং আছিমগঞ্জের আসিমিয়া এম ই স্কুলে হজ যাত্রীদের একদিবসীয় প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে । প্রশিক্ষণ সকাল ১০ টা থেকে শুরু হবে ।

---

করিমগঞ্জে ১৮ ই এপ্রিল থেকে ভোটগ্রহন কর্মীদের দলগত প্রশিক্ষণ শুরু হবে । ই ভি এম ও ভিভিপিএস সংক্রান্ত দলগত এই প্রশিক্ষণ প্রিসাইডিং ও পোলিং অফিসারদের দেওয়া হবে । আসন্ন লোকসভা নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে দলগত প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছে । ১৮ই এপ্রিল থেকে ২০ এপ্রিল পর্যন্ত তিনদিন জেলার মোট ৬ টি স্থানে দলগত প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হচ্ছে । প্রশিক্ষণ করিমগঞ্জের ফ্রন্টিয়ার সিনিয়র সেকেন্ডারি স্কুল , সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , করিমগঞ্জ সিনিয়র সেকেন্ডারি সায়েন্স স্কুল , এম এম এম সি গার্লস হায়ার সেকেন্ডারি স্কুল , নীলমনি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ও রবীন্দ্র সদন মহিলা কলেজে এই প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হবে । এছাড়া জেলা আয়ুক্তের কার্যালয়ের নিচ তলায় ইভিএম ও ভিভিপিএস সংক্রান্ত একটি প্রশিক্ষন কেন্দ্র সক্রিয় রয়েছে ।

---

---